

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
বাগেরহাট জেলা কার্যালয়
৯৬/২, ভি.আই.পি রোড, সদর, বাগেরহাট।
www.doe.gov.bd

স্মারক নং - ২২.০২.৪০০১.২৯৮.২৩.০০৪.২৩.-১ ১১

তারিখঃ ২৬/০১/১৪৩০ বঙ্গাব্দ।
১১/০৫/২০২৩ খ্রিস্টাব্দ।


বিষয় : বিশ্ব পরিবেশ দিবস-২০২৩ উপলক্ষে শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন।

আগামী ৫ জুন ২০২৩ বিশ্ব পরিবেশ দিবস। বিশ্ব পরিবেশ দিবস-২০২৩ এর প্রতিপাদ্য হচ্ছে 'Solutions to Plastic Pollution' (প্লাস্টিক দূষণের সমাধানে, সামিল হই সকলে) এবং স্লোগান হচ্ছে 'Beat Plastic Pollution' (সবাই মিলে করি পণ, বন্ধ হবে প্লাস্টিক দূষণ)। উক্ত দিবসটি যথাযথভাবে উদযাপন করার লক্ষ্যে নিম্নোক্ত বিষয়ে ও শ্রেণিভিত্তিক শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

বিষয় : প্রকৃতি ও পরিবেশ
স্থান : বাংলাদেশ শিশু একাডেমি, বাগেরহাট।
তারিখ ও সময় : ১৭ মে ২০২৩ খ্রি. (বুধবার), সময়ঃ বিকাল ০৩.৩০ ঘটিকা।
প্রতিযোগির গ্রুপ : ক-গ্রুপ : শিশু-দ্বিতীয় শ্রেণি পর্যন্ত;
খ-গ্রুপ : তৃতীয়-পঞ্চম শ্রেণি পর্যন্ত;
গ-গ্রুপ : ষষ্ঠ-দশম শ্রেণি পর্যন্ত;
বিশেষ চাহিদা সম্পন্ন গ্রুপ : অনূর্ধ্ব ১৮ বছর পর্যন্ত।

০২। আগ্রহী প্রতিযোগীদের বিকাল ৩.০০ ঘটিকার সময় প্রয়োজনীয় উপকরণ (রং, তুলি, বোর্ড ইত্যাদি) এবং শিক্ষার্থীর পরিচয় পত্র/বিদ্যালয়ের প্রত্যয়নপত্রের অনুলিপি নিয়ে বাংলাদেশ শিশু একাডেমি, বাগেরহাট-এ উপস্থিত হতে হবে। পরিবেশ অধিদপ্তর প্রতিযোগীদের প্রয়োজনীয় কার্টিজ পেপার সরবরাহ করবে।

০৩। প্রতি গ্রুপে ৩(তিন) জন বিজয়ীকে পুরস্কার প্রদান করা হবে। বিজয়ী প্রতিযোগীদের নাম নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে এবং টেলিফোনে জানানো হবে।



১১/০৫/২৩
(মোঃ কামরুলজামান সরকার)

উপপরিচালক

ফোনঃ ০২-৪৭৭৭৫১৫৮৩ (অফিস)।

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাগেরহাট।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ৩। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।